নির্বাচনী অগ্রাধিকার
হোয়াটসঅ্যাপ, ফ্যাক্স ও ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫২.০১০.২২.৭৯১ তারিখঃ ২৮ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় ঃ জেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে আইনশৃংখলা রক্ষায় সাধারণ আনসার ও ভিডিপি সদস্য/সদস্যা অংগীভূতকরণ ও মোতায়েন আদেশ।

সূত্র : (ক) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২.৫৭৮, তারিখঃ ৩১ আগস্ট ২০২২।
(খ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পরিপত্রের স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.১৮.০০১.২০১৬.৪৩৪, তারিখঃ ১১ অক্টোবর ২০২২।
(গ) আনসার ও ভিডিপি সদর দপ্তর স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫৩.০০১.২২.৭৮৯, তারিখঃ ১৩ অক্টোবর ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রপত্রসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৭ অক্টোবর ২০২২ তারিখ ৫৭টি জেলা পরিষদের ৪৬৫টি ভোটকেন্দ্রে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। ভোটকেন্দ্রের আইনশৃঙ্খলা রক্ষায় সূত্রোক্ত পরিপত্রের আলোকে পরিশিষ্ট-'ক' অনুযায়ী আনসার ও ভিডিপি সদস্য-সদস্যা অংগীভূত ও মোতায়েন করার অনুমোদন দেওয়া হলো। অঙ্গীভূত এসকল সদস্যদেরকে তাদের স্ব স্ব ওয়ার্ডের বাইরের ভোটকেন্দ্রসমূহে করোনা স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক মোতায়েন করতে হবে।

২। **মোতায়েন কাল ঃ** ০৩ (তিন) দিন (ভোট গ্রহণের ০১ দিন পূর্ব হতে ভোট গ্রহণের পরের দিন অর্থাৎ ১৬/১০/২০২২ হতে ১৮/১০/২০২২ তারিখ পর্যন্ত)।

৩। **ভোটকেন্দ্রে অংগীভূত জনবলের হিসাব ঃ** প্রতি ভোটকেন্দ্রে ১×পিসি, ১×এপিসি, ১×আনসার/ভিডিপি (পুরুষ), ১× আনসার/ভিডিপি (মহিলা) হিসেবে মোট ০৪ জন অংগীভূত করে মোতায়েন করতে হবে। পিসি ও এপিসি(অস্ত্রসহ) এবং অন্যান্য সদস্য/সদস্যাগণ লাঠিসহ দায়িত্ব পালন করবেন।

৪। **অস্ত্র ও গুলি ইস্যু:**
(ক) ভোটকেন্দ্রে ০২ (দুই)টি করে শটগান মোতায়েন করতে হবে।
(খ) প্রতিটি অস্ত্রের বিপরীতে ১০টি কার্তুজ ইস্যু করতে হবে।
(গ) প্রত্যেক অস্ত্র ও গুলির সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে জেলা কমান্ড্যান্ট আবশ্যিকভাবে পূর্বমূল্যায়ন সাপেক্ষে উক্ত নিরাপত্তার বিষয়টি নির্ধারণ করবেন।

৫। **কমান্ড সার্টিফিকেট (সিসি):** সংশ্লিষ্ট উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কমান্ড সার্টিফিকেট ইস্যু করবেন যা জেলা কমান্ড্যান্ট কর্তৃক নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার উপজেলা আনসার ও ভিডিপি অফিসার/দায়িত্বরত কর্মকর্তার মোবাইল নম্বর আনসার ও ভিডিপি সদর দপ্তরে নির্বাচনী মনিটরিং সেলে (মোবাইল নম্বর ০১৭৭৭৭১৯৪৪৮১-৫) প্রেরণ করতে হবে।

৬। মোতায়েনকৃত সদস্য/সদস্যাগণকে তাদের উপস্থিতির বিষয়ে সিসিতে প্রিজাইডিং অফিসারের মন্তব্যসহ স্বাক্ষর নিতে হবে।

৭। কোথাও নির্বাচন বন্ধ/স্থগিত হলে তাৎক্ষণিকভাবে টেলিফোনে আনসার ও ভিডিপি সদর দপ্তরস্থ অপারেশনস্ পরিদপ্তরের কর্মকর্তাদেরকে অবহিত করতে হবে এবং যত দ্রুত সম্ভব লিখিতভাবে অত্র শাখাকে জানাতে হবে। পাশাপাশি সংশ্লিষ্ট আনসার-ভিডিপি কর্মকর্তা নির্বাচনী এলাকায় সংঘটিত নির্বাচন চলাকালীন বা ভোটগ্রহণ পরবর্তী যে কোন ঘটনা তাৎক্ষণিকভাবে নিম্নস্বাক্ষরকারীর দাপ্তরিক মোবাইল নম্বরের হোয়াটসঅ্যাপ এ প্রেরণ নিশ্চিত করতে হবে। নির্বাচন উপলক্ষে আনসার ও ভিডিপি সদর দপ্তর অপারেশনস্ শাখায় সার্বক্ষণিক মনিটরিং সেল থাকবে যা অফিস আদেশের মাধ্যমে স্থাপিত হবে। মোতায়েনকৃত জনবল, অস্ত্র ও গুলির হিসাব মোতায়েনের দিন সকালেই সদর দপ্তর কন্ট্রোল রুমে জানাতে হবে।

৮। **জেলা কমান্ড্যান্ট, (সংশ্লিষ্ট) -এর জন্য বিশেষ নির্দেশনা:** ব্যাটালিয়ন আনসার ও সাধারণ আনসার-ভিডিপি সদস্য কোথাও অস্ত্রসহ মোতায়েন হলে, মোতায়েনের পূর্বে অবশ্যই তাদেরকে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট অস্ত্রের লোড, আনলোড ও সেইফটি ড্রিলসহ অন্যান্য সংশ্লিষ্ট/প্রয়োজনীয় বিষয় সম্পর্কে ব্রিফিং করতে হবে। এছাড়া অস্ত্রসহ যে কোনো দায়িত্ব পালনে যাওয়ার পূর্বে এবং ফেরত আসার পর একটি নির্দিষ্ট স্থানে নিরাপদ দূরত্ব বজায় রেখে দায়িত্বশীল কর্মকর্তার উপস্থিতিতে অস্ত্রের লোড ও আনলোড ড্রিল সম্পন্ন করাতে হবে। তিনি তার অধীনস্থদের মাধ্যমে এমনভাবে তথ্য প্রাপ্তির নেটওয়ার্ক তৈরি করবেন যেনো যে কোন ঘটনা ঘটে যাওয়ার সাথে সাথেই তিনি তা জানতে পারেন এবং অপারেশন পরিদপ্তরের কর্মকর্তাদেরকে তাৎক্ষণিকভাবে অবহিত করতে পারেন।

৯। **অন্যান্য নির্দেশনা:** পানিপথে চলাচলের সময় জানমালের নিরাপত্তা বিধানে যেমন বুট ও জুতা খোলা, লাইফ জ্যাকেট পরিধান করা, অস্ত্রের সাথে ইজ্জতের রশি লাগানো, জলযানের ধারণ ক্ষমতার বেশি ওজন না নেওয়া, ইত্যাদি বিষয়াদি সংশ্লিষ্ট কর্মকর্তা নিশ্চিত করবেন।

১০। সূত্র 'গ' মূলে জারিকৃত অপারেশনাল নির্দেশাবলী যথারীতি অনুসরণ করতে হবে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ** জেলাওয়ারী ভোটকেন্দ্রের তালিকা – ০২ (দুই) পাতা।

১৩/১০/২২
কানিজ ফারজানা শান্তা
পরিচিতি নং-১২০১৫৯
উপপরিচালক (অপারেশন)
মোবাইল নং-০১৭৩০০৩৮০২৭

জেলা কমান্ড্যান্ট (সংশ্লিষ্ট)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
.........................................................

F:\Moksad\Election\2022-2023\Zila Parishad\Motaen\Angivuta Emb\17-10-22.doc

Scanned with CamScanner

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫২.০১০.২২.৭৯১

তারিখঃ ২৮ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

| | | |
|---|---|---|
| ১। | সিনিয়র সচিব<br>জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | পুলিশ মহাপরিদর্শক<br>বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়াটার্স, ঢাকা। | |
| ৩। | সচিব<br>নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা। | |
| ৪। | অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত/রাজনৈতিক ও আইসিটি)<br>জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | |
| ৫। | অতিরিক্ত মহাপরিচালক<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | |
| ৬। | বিভাগীয় কমিশনার, ........................................। | |
| ৭। | পুলিশ কমিশনার, ...........................................। | |
| ৮। | যুগ্ম সচিব (আনসার/রাজনৈতিক)<br>জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | |
| ৯। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)।<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | |
| ১০। | উপমহাপরিচালক<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, .................. রেঞ্জ, .................। | |
| ১১। | পরিচালক (কিউ/অর্থ)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | |
| ১২। | পরিচালক<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, .................. রেঞ্জ, .................। | |
| ১৩। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ...........................................। | সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য। |
| ১৪। | এআইজি (অপারেশন)<br>বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। | |
| ১৫। | পুলিশ সুপার, ..........................................। | |
| ১৬। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজি এ ভবন, সেগুন বাগিচা, ঢাকা। | |
| ১৭। | জেলা নির্বাচন কর্মকর্তা, ...........................................। | |
| ১৮। | উপপরিচালক (মনিটরিং)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা | |
| ১৯। | উপপরিচালক [সমন্বয়/পিএস টু ডিজি]<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ২০। | বাজেট শাখা<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতির জন্য। |
| ২১। | ওয়েল ফেয়ার শাখা<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | |
| ২২। | জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, .......................................। | |
| ২৩। | অফিস/মাস্টার কপি। | |

১৩/১০/২২
উপপরিচালক (অপারেশন)

F:\Moksad\Election\2022-2023\Zila Parishad\Motaen\Angivuta Emb\17-10-22.doc

Scanned with CamScanner

পরিশিষ্ট-'ক'

# ১৭ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য জেলা পরিষদ সাধারণ নির্বাচনে জেলাওয়ারী ভোটকেন্দ্রের বিবরণী:

| ক্রঃ নং | রেঞ্জ | জেলা | ভোটকেন্দ্র | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | রংপুর | ১. পঞ্চগড় | ৫ | |
| | | ২. ঠাকুরগাঁও | ৫ | |
| | | ৩. দিনাজপুর | ১৩ | |
| | | ৪. নীলফামারী | ৬ | |
| | | ৫. লালমনিরহাট | ৬ | |
| | | ৬. রংপুর | ৮ | |
| | | ৭. কুড়িগ্রাম | ৯ | |
| | | ৮. গাইবান্ধা | ৭ | |
| ২ | রাজশাহী | ৯. জয়পুরহাট | ৫ | |
| | | ১০. বগুড়া | ১২ | |
| | | ১১. চাঁপাইনবাবগঞ্জ | ৫ | |
| | | ১২. নওগাঁ | ১৩ | |
| | | ১৩. রাজশাহী | ৯ | |
| | | ১৪. নাটোর | ৭ | |
| | | ১৫. সিরাজগঞ্জ | ৯ | |
| | | ১৬. পাবনা | ৯ | |
| ৩ | খুলনা | ১৭. মেহেরপুর | ৩ | |
| | | ১৮. কুষ্টিয়া | ৬ | |
| | | ১৯. চুয়াডাংগা | ৪ | |
| | | ২০. ঝিনাইদহ | ৬ | |
| | | ২১. যশোর | ৮ | |
| | | ২২. মাগুরা | ৪ | |
| | | ২৩. নড়াইল | ৪ | |
| | | ২৪. বাগেরহাট | ৯ | |
| | | ২৫. খুলনা | ১০ | |
| | | ২৬. সাতক্ষীরা | ১২ | |
| ৪ | বরিশাল | ২৭. বরগুনা | ৬ | |
| | | ২৮. পটুয়াখালী | ৮ | |
| | | ২৯. ভোলা | ৭ | |
| | | ৩০. বরিশাল | ৭ | |
| | | ৩১. ঝালকাঠি | ৪ | |
| | | ৩২. পিরোজপুর | ৭ | |



Scanned with CamScanner

| ক্রঃ নং | রেঞ্জ | জেলা | ভোটকেন্দ্র | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৫ | ঢাকা | ৩৩. টাংগাইল | ১২ | |
| | | ৩৪. কিশোরগঞ্জ | ১৩ | |
| | | ৩৫. মানিকগঞ্জ | ৭ | |
| | | ৩৬. মুন্সিগঞ্জ | ৬ | |
| | | ৩৭. ঢাকা | ৫ | |
| | | ৩৮. গাজীপুর | ৬ | |
| | | ৩৯. নরসিংদী | ৬ | |
| | | ৪০. নারায়ণগঞ্জ | ৫ | |
| | | ৪১. রাজবাড়ী | ৫ | |
| | | ৪২. ফরিদপুর | ৯ | |
| | | ৪৩. গোপালগঞ্জ | ৫ | |
| | | ৪৪. মাদারীপুর | ৫ | |
| | | ৪৫. শরীয়তপুর | ৭ | |
| ৬ | ময়মনসিংহ | ৪৬. ময়মনসিংহ | ১৩ | |
| | | ৪৭. জামালপুর | ৮ | |
| | | ৪৮. শেরপুর | ৫ | |
| | | ৪৯. নেত্রকোনা | ১০ | |
| ৭ | সিলেট | ৫০. সুনামগঞ্জ | ১২ | |
| | | ৫১. সিলেট | ১৩ | |
| | | ৫২. মৌলভীবাজার | ৭ | |
| | | ৫৩. হবিগঞ্জ | ৯ | |
| ৮ | কুমিল্লা | ৫৪. ব্রাহ্মণবাড়িয়া | ৯ | |
| | | ৫৫. কুমিল্লা | ১৭ | |
| | | ৫৬. চাঁদপুর | ৮ | |
| | | ৫৭. লক্ষ্মীপুর | ৬ | |
| ৯ | চট্টগ্রাম | ৫৮. চট্টগ্রাম | ১৫ | |
| | | ৫৯. কক্সবাজার | ৯ | |
| মোট | | | ৪৬৫ | |

২৩/১০/22

উপপরিচালক (অপারেশন)

F:\Moksad\Election\2022-2023\Zila Parishad\Motaen\Angivuta Emb\17-10-22.doc

Scanned with CamScanner